

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ৭, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

অপারেশন-২ অধিকার্থা

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/০২ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৫০-আইন/২০১৬।—Explosives Act, 1884 (IV of 1884) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিযা উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক এতদ্বারা উহা প্রাক-প্রকাশ করিল,
যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি ৪ এর—

- (ক) বিদ্যমান বিধান বিধি (১) হিসেবে সংখ্যায়িত হইবে এবং উক্তরূপ সংখ্যায়িত বিধি
এর “কোন খালি সিলিন্ডার” শব্দগুলির পর “এবং উহার ভাল্ট” শব্দগুলি
সন্নিবেশিত হইবে; এবং
- (খ) উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (২) ও (৩) সংযোজিত হইবে, যথা:—
“(২) নিরপেক্ষ পরিদর্শনকারী হিসেবে ১০,০০০ (দশ হাজার) টাকা ফি প্রদান
করিযা তালিকাভুক্তির জন্য আবেদন করিতে হইবে।
- (৩) সিলিন্ডার ভাল্ট এর আমদানির অনুমতি লাভের জন্য প্রথম ১০০ (একশত)
টির জন্য ৩০০ (তিনশত) টাকা এবং পরবর্তী ১০০(একশত) টি বা উহার
অংশ বিশেষের জন্য ১০০ (একশত) টাকা ফি প্রদান করিতে হইবে।”।

(১৯৪৫)
মূল্য : টাকা ৪.০০

১৯৪৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মার্চ ৭, ২০১৬

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারও কোন আপত্তি বা পরামর্শ থাকিলে সংশ্লিষ্ট ব্যক্তিকে উহা, এই প্রত্যাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌছাইবার জন্য অনুরোধ করা যাইতেছে এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে এই বিভাগ উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আহসানুল জব্বার

অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd